

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।


পত্র নং- ৩৭.০৩.০০০০.০১০.১৮.০০৬.১৩- ০৪২

তাং- ১৬/০৮/২০১৫ ইং।

বিষয় : কর্মস্থল ত্যাগের পূর্বে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.০৩৭.০০১.২০১৩-২২৬ তারিখ- ২১/৫/২০১৩ ইং মোতাবেক এ সংক্রান্ত একটি পত্র পৃষ্ঠাংকন করা হয়েছিল। উক্ত পত্রের বিষয়ে পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ ও পালন না করে বরং অধ্যক্ষসহ অন্যান্য অনেক কর্মকর্তা মহাপরিচালকের অনুমতি ব্যতিরেকে বিভিন্ন কাজে কর্মস্থল ত্যাগ করছে। এছাড়াও গত ১০/৮/২০১৫ তারিখ সকাল ৯.০০ টা থেকে দুপুর ১১.০০ টা পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয় হতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল ও কলেজ ও ভোকেশনাল টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও উপাধ্যক্ষগণের অবস্থান সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য অফিস টেলিফোন/ মোবাইল ফোনে তথ্য সংগ্রহ করা হয়। তথ্য সংগ্রহকালীন সময়ে বিভিন্ন প্রতিষ্ঠানের অধ্যক্ষ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও উপাধ্যক্ষগণকে অফিসে অনুপস্থিত, ছুটি এবং ফোন বন্ধ পাওয়া যায়। এতে প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রমের উপর এর নেতিবাচক প্রভাব পড়ছে বলে অধিদপ্তরের দৃষ্টিগোচর হয়েছে। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও শিক্ষকগণ প্রতিষ্ঠানের বাহিরে প্রশিক্ষণ, সেমিনার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যে কোন প্রকার সভা ও বোর্ডের প্রয়োজনীয় কাজে অংশ গ্রহণের জন্য কর্মস্থল ত্যাগের প্রয়োজন হলে মহাপরিচালকের পূর্বানুমতি স্বাপেক্ষে কর্মস্থল ত্যাগ করার জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য যে, গনকর্মচারী শৃংখলা অধ্যাদেশ ১৯৮২ অনুযায়ী প্রতিষ্ঠানে কর্মরত অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক ও কর্মচারী যথাসময়ে কর্মস্থলে আগমন ও প্রস্থান নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।


  
(শেখ আলমগীর হোসেন)  
পরিচালক(প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

পত্র নং- ৩৭.০৩.০০০০.০১০.১৮.০০৬.১৩-

তাং- /০৮/২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]।
- ২। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৩-৫। অধ্যক্ষ, সিলেট ইঞ্জিঃ/ ময়মনসিংহ ইঞ্জিঃ/ ফরিদপুর ইঞ্জিঃ কলেজ।
- ৬-৫০। অধ্যক্ষ, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/খুলনা/কুমিল্লা/বরিশাল/পাবনা/কুষ্টিয়া/যশোর/দিনাজপুর/ফেনী/বগুড়া রংপুর/সিলেট/রাজশাহী/ফরিদপুর/কাপ্তাই/ঢাকামহিলা/টাঙ্গাইল/পটুয়াখালী/সার্ভে/খুলনামহিলা/চট্টগ্রাম মহিলা/রাজশাহীমহিলা/শরিয়তপুর/ঠাকুরগাঁও/নওগাঁ/ঝিনাইদহ/শেরপুর/ব্রাহ্মনবাড়ীয়া/কক্সবাজার/ সাতক্ষীরা/ লক্ষীপুর/নরসিংদী/মুন্সিগঞ্জ/গোপালগঞ্জ/ভোলা/হবিগঞ্জ/চাঁদপুর/বরগুনা/কুড়িগ্রাম/মাগুড়া/ কিশোরগঞ্জ/চাঁপাই নবাবগঞ্জ/মৌলভীবাজার/ পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৫১-৫৪। অধ্যক্ষ, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস/ গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট।
- ৫৫। সহকারী পরিচালক (আয়ন ব্যয়ন কর্মকর্তা), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫৬। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫৭। EMIS সেল, সংযুক্ত কর্মকর্তা, কাশিঅ (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫৮। সংরক্ষণ নথি।

  
(ড. প্রকৌ: রুহুল আমিন)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।